# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৭৬. প্রধান বৈশিষ্ট্য দ্বারাই মানুষকে গণ্য করা হয়

সফল হওয়ার অর্থ হলো আপনার এমন ভালো গুণাবলী থাকতে হবে, যা আপনার মন্দ গুণাবলীকে সংখ্যায় ছড়িয়ে যাবে ও সেগুলোকে ম্লান করে দিবে। আপনার জীবনে এ অবস্থা যখন বাস্তব রূপ নিবে তখন জনগণ আপনাকে গুণের মালা পরিয়ে দিবে এমনকি যে গুণ আপনার নেই তার জন্যও। জনগণ আপনার সম্বন্ধে কোনরূপ সমালোচনাও গ্রহণ করবে না; যদিও আপনার সম্বন্ধে যা বলা হচ্ছে তা সত্যি। (ব্যাপারটি তেমনই যেমন নাকি) একটি পাহাড়ে একটি পাথর বাড়লে বা কমলে পাহাড়ের কিছুই কমে বা বাড়ে না।

যদিও আমি এখানে ওখানে মহান উদার ও বদান্য আরব কায়েসের এবং বিখ্যাত নেতা কুতাইবা ইবনে মুসলিমের কিছু সমালোচনা পড়েছি তবুও আমি সেসব লোকের সেসব সমালোচনা ও নিন্দাকে পুস্তকাবলিতে ব্যাপক আকারে পাইনি এবং সেগুলো জগণের নিকট গৃহীতও হয়নি। এর কারণ এই যে, তাদের মন্দ গুণাবলী হারিয়ে গেছে এবং তা তাদের ভালো গুণাবলীর অতল গহব্বরে তলিয়ে গেছে। অপরপক্ষে, হাজ্জাজ, আবু মুসলিম খোরাসানী ও উবাইদী সম্বন্ধেও আমি ভালো কিছু পড়েছি।

কিন্তু কেউ সে সব প্রশংসার কথা মনে করে না এবং কেউ বিশ্বাস করে না যে, এমন ধরনের লোকদের মাঝে কোন ভালো গুণ ছিল। এর কারণ হল তাদের বিপুল মন্দ কাজের মাঝে এসব ভালো গুণ হারিয়ে গেছে। আল্লাহ তার সৃষ্টির ব্যাপার নিয়ন্ত্রণে কতই না নিখুঁত ও ন্যায়পরায়ণ!

Source — https://www.hadithbd.com/books/link/?id=7784

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন